সংবাদ

তারিখ 02 JUN 2016
পৃষ্ঠা 2 কলাম 8

### মহিলা পরিষদের প্রতিবেদন

# পাঁচ মাসে নির্যাতনের শিকার ২ হাজার ১৪৫ নারী ও শিশু

নিজস্ব বার্তা পরিবেশক

চলতি বছরের প্রথম পাঁচ মাসে নির্যাতনের শিকার হয়েছেন ২ হাজার ১৪৫ জন নারী ও শিশু। তাদের মধ্যে ৩৫৮ জন ধর্ষণ ও ৪৮ জন গণধর্ষণের শিকার হয়েছেন। জানুয়ারি মাসে নির্যাতিত ৪১৬ জন নারী ও শিশুর মধ্যে ধর্ষণের শিকার হয়েছেন ৭৭ ও গণধর্ষণের শিকার হয়েছেন ৭ জন। ফেব্রুয়ারি মাসে এ সংখ্যা ছিল যথাক্রমে ৪১১, ৫৮ ও ৭ জন, মার্চ মাসে ৪৬৩, ৫৫ ও ১০ জন, এপ্রিল মাসে ৪৬৩, ৯০ ও ১৭ জন, মে মাসে ৩৯২ জন নির্যাতিত নারী ও শিশুর মধ্যে ধর্ষণের শিকার হয়েছে ৭৮ জন আর গণধর্ষণের শিকার হয়েছেন ৭ জন।

গতকাল গণমাধ্যমে পাঠানো বাংলাদেশ মহিলা পরিষদের এক রিপোর্টে এ তথ্য জানানো হয়। পরিষদের লিগ্যাল এইড উপ-পরিষদে সংরক্ষিত ১৪টি দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদের ভিত্তিতে এ রিপোর্ট তৈরি করা হয়।